

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৮

২২ মার্চ ২০২০
তারিখঃ-----
০৮ চৈত্র ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

করোনা ভাইরাসের কারণে সৃষ্ট পরিস্থিতিতে পর্যাপ্ত নগদ টাকার সরবরাহ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সম্প্রতি করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এবং এর কমিউনিটি ট্রান্সমিশন রোধকল্পে সরকার কর্তৃক বিভিন্ন নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংকসমূহকে ইতোমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এরূপ পরিস্থিতিতে গ্রাহকের চাহিদার বিপরীতে দৈনন্দিন নগদ অর্থের সরবরাহ যেন বিঘ্নিত না হয় সে লক্ষ্যে ব্যাংকের শাখাগুলোতে পর্যাপ্ত নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে। কোন এলাকা/অঞ্চল সরকারী ঘোষণার মাধ্যমে লক ডাউন করা হলে সে এলাকায়/অঞ্চলে প্রয়োজনে স্থানীয় প্রশাসন ও আইন প্রয়োগকারী সংস্থাসহ উপযুক্ত কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করে প্রয়োজনীয় নগদ অর্থের সরবরাহ নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মকবুল হোসেন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০২৬৮